

## প্রতিবন্ধী শিক্ষার্থীকে ল্যাপটপ দিলেন পলক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীকে ল্যাপটপ অনুদান দিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। ইসলামের ইতিহাস বিভাগের প্রথম বর্ষের মেধাবী ছাত্র মো. আশীফ আলীকে বৃহস্পতিবার বিকালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে এই ল্যাপটপ দেয়া হয়। ল্যাপটপ পেয়ে আবেগান্বিত আশীফ আলী জানান, ল্যাপটপটি তার শিক্ষা কার্যক্রমে সহায়তা ও আইসিটি ক্ষেত্রে দক্ষ হতে ভূমিকা রাখবে। প্রতিমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি আরও জানান, ল্যাপটপ কেনার সামর্থ্য নিজের নেই। এই ল্যাপটপে এখন পুরো পৃথিবীর অনুভব পাওয়ার সুযোগ পেয়েছে সে। আশীফ আলীর গ্রামের বাড়ি নাটোরের সিংড়া উপজেলায়।

ল্যাপটপ প্রদানকালে উপস্থিত ছিলেন তথ্যপ্রযুক্তি সচিব শ্যাম সুন্দর সিকদার, হাইটেক পার্কের এমডি হোসনে আরা বেগম, তথ্যপ্রযুক্তি অধিদফতরের ডিপ্লি জসিম উদ্দিন আহমেদ, তথ্যপ্রযুক্তি বিভাগের যুগ্মসচিব সুশান্ত কুমার সাহা।

—আইটি ডেস্ক

